

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারি, ২০০৯/১২ই ফাল্গুন, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ২৪শে ফেব্রুয়ারি, ২০০৯(১২ই ফাল্গুন, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ১১ নং আইন

Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর অধিকতর সংশোধনকল্পে
প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Income-tax (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ২, ৩ ও ৫ বিগত ১ জুলাই, ২০০৭ তারিখে, এবং

(খ) ধারা ৪ বিগত ১৫ এপ্রিল, ২০০৮ তারিখে,

কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১২৬৫)

মূল্য : টাকা ৪.০০

২। **Ordinance No. XXXVI of 1984** এর **section 44** এর সংশোধন।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উলিখিত, এর section 44 এর sub-section (3) এর clause (a) এর পরিবর্তে নিম্নরূপ clause (a) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(a) Five Lakh taka.”।

৩। **Ordinance No. XXXVI of 1984** এর **section 52D** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 52D এর প্রথম proviso এর পরিবর্তে নিম্নরূপ proviso প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“Provided that no tax shall be deducted under this section if the total amount of interest does not exceed one lakh and fifty thousand taka during the income year and notwithstanding anything contained in section 82C, any tax so deducted shall not be treated as final discharge of tax liability under this Ordinance.”।

৪। **Ordinance No. XXXVI of 1984** এ নূতন **section 52N** এর সংযোজন।—উক্ত Ordinance এর section 52M এর পর নিম্নরূপ নূতন section 52N সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“**52N. Collection of tax on account of rental power.**—Notwithstanding anything contained in this Ordinance, Bangladesh Power Development Board, at the time of payment to any rental power company on account of purchase of rental power from that company, shall collect, deduct or pay tax on the said payment, for a term not exceeding three years from the date of its operation in Bangladesh, at the rate of four percent which shall be treated as final discharge of tax liability of the rental power company regarding the sale of such rental power.”।

৫। **Ordinance No. XXXVI of 1984** এর **section 53BBBB** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 53BBBB এর “which will be treated as final discharge of tax liability regarding the said export” শব্দগুলির পরিবর্তে “which shall be deemed to be an advance payment of tax by the exporter and shall be given credit for in the assessment of his tax” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। রহিতকরণ ও হেফাজত।—(১) এতদ্বারা Income-tax (Amendment) Ordinance, 2007 (২০০৭ সনের ৩২ নং অধ্যাদেশ), Income-tax (Second Amendment) Ordinance, 2007 (২০০৭ সনের ৪২ নং অধ্যাদেশ), Income-tax (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ১ নং অধ্যাদেশ) এবং Income-tax (Second Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ১৩ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশসমূহ বলিয়া উল্লিখিত, রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত উক্ত অধ্যাদেশসমূহ দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত কোন কার্য বা গৃহীত কোন ব্যবস্থা এই Act দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২০০৯ সনের ১২নং আইন

National Board of Revenue Order, 1972 এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন National Board of Revenue (Amendment) Act, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২১ এপ্রিল, ১৯৭৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। P.O. No. 76 of 1972 এর Article 3 এর সংশোধন।—National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর Article 3 এর clauses (2) এবং (3) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ clauses (2) এবং (3) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(2) The Board shall consist of a Chairman and such number of members as may be appointed by the Government.

(3) The Government shall appoint a Secretary to the Government to be the Chairman of the Board.”।

৩। রহিতকরণ ও হেফাজত —(১) National Board of Revenue (Amendment), Ordinance, 2008 (২০০৮ সনের ২৫ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আশফাক হামিদ
সচিব।